যুগান্তর

তারিখ 02 AUG 2015
পৃষ্ঠা ১৫ কলাম 2

# লাশের অভাবে শেবাচিমের শিক্ষা কার্যক্রম ব্যাহত

**বরিশাল ব্যুরো**

লাশের অভাবে মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে বরিশাল শেরেবাংলা চিকিৎসা মহাবিদ্যালয়ের (শেবাচিম) এনাটমি বিভাগের চিকিৎসা। চরম বিপাকে এখন এই বিভাগের বিভিন্ন বর্ষের প্রায় অর্ধ সহস্রাধিক শিক্ষার্থী। বিভাগের শিক্ষক ডা. গোলাম রহমান জানান, 'শিক্ষার্থীদের জন্য কমপক্ষে ২০টি মরদেহের দরকার হলেও বর্তমানে রয়েছে মাত্র দুটি। এই দিয়ে শিক্ষা কার্যক্রম পরিচালনা প্রায় অসম্ভব।' এনাটমি বিভাগের দ্বিতীয় বর্ষের এক শিক্ষার্থী জানান, 'বর্তমানে লাশের মডেল দিয়ে চলছে হাতে-কলমের শিক্ষা। এতে করে প্রকৃত শিক্ষা পাচ্ছি না আমরা। যে দুটি মরদেহ রয়েছে তা দিয়ে শিক্ষা প্রদানের ক্ষেত্রে বিভিন্ন দল উপদলে ভাগ হয়ে ক্লাস করতে হচ্ছে। এতে সৃষ্টি হচ্ছে জটিলতার।' কলেজ অধ্যক্ষ ডা. ভাস্কর সাহা জানান, 'সাধারণত বেওয়ারিশ লাশ দিয়ে লাশের চাহিদা মেটাই আমরা। কিন্তু সাম্প্রতিক সময়ে অক্ষত বেওয়ারিশ লাশ মিলছে না বললেই চলে। ফলে এই সমস্যা দেখা দিয়েছে।' পরিচয় গোপন রাখার শর্তে এক শিক্ষার্থী জানান, '২০০৬ সালে ৫ জন ব্যক্তি মরণোত্তর দেহ দানের ব্যাপারে তাদের ইচ্ছা প্রকাশ করেন। কিন্তু কলেজ কর্তৃপক্ষের গাফেলতির কারণে সেই দেহগুলো সংগ্রহ করা হয়নি।' কলেজ অধ্যক্ষ অবশ্য এই অভিযোগ স্বীকার করেননি।